

# মাইলস্টোন পরিদর্শনে উপদেষ্টা, শিক্ষার্থীদের বিক্ষোভ



ছবি: ভিডিও থেকে নেওয়া

## সমকাল ডেক্স

প্রকাশ: ২২ জুলাই ২০২৫ | ১২:১২ | আপডেট: ২২ জুলাই ২০২৫ | ১২:২৫

(-) (অ) (+)

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধবস্ত্রের ঘটনায় ঘটনাস্থল পরিদর্শনে গিয়েছেন আইন বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল। এ সময় তাকে দেখে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা।

জানা যায়, মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের দুর্ঘটনাক্বলিত হায়দার আলী ভবন পরিদর্শন শেষে বের হওয়ার সময় উপদেষ্টা আসিফ নজরুল্লের পথরোধ করেন শিক্ষার্থীরা। এ সময় তাকে লক্ষ্য করে শিক্ষার্থীরা ‘ভুয়া’ ‘ভুয়া’ স্লোগান দেন।



পরে আইনউপদেষ্টা মাইলস্টোনের ভবন-৫ এ যান। সেখানে বৈঠকে বসেছেন। আর শিক্ষার্থীরা বাইরে বিশ্বাস করছেন।

নিহতদের সঠিক নাম ও পরিচয় প্রকাশ, আহতদের সম্পূর্ণ ও নির্ভুল তালিকা, শিক্ষার্থীর পরিবারকে ক্ষতিপূরণ, বিমানবাহিনীর ব্যবহৃত ঝুঁকিপূর্ণ ও পুরোনো প্রশিক্ষণ বিমান বাতিল করে আধুনিক ও নিরাপদ বিমান চালুসহ বিভিন্ন দাবিতে

শিক্ষার্থীরা বিক্ষেপ করছেন।



মাইলস্টোন কলেজের শিক্ষার্থীরা সকাল ৯টায় ক্যাম্পাসে অবস্থান কর্মসূচির পরিকল্পনা করেছিল। সকাল সোয়া ৯টার দিকে দিয়াবাড়ি আর্মি ক্যাম্পের পক্ষ থেকে মাইকিং করে সভা-সমাবেশ, দলবদ্ধ কর্মসূচি কিংবা অবস্থান নিষিদ্ধ ঘোষণা করা হয়। ঘোষণা দিয়ে জানানো হয়, দিয়াবাড়ি গোলচত্তুর ও আশপাশের এলাকায় কোনো ধরনের জমায়েত বা প্রতিবাদ কর্মসূচি পালন করা যাবে না।

এদিকে আজও কলেজ ও আশপাশের এলাকায় উৎসুক জনতার ভিড় দেখা গেছে। অনেকেই সেখানে আসছেন। কেউ কেউ খুঁজছেন সন্তান ও স্বজনকে।